আলমডাঙ্গায় আর এম পি ওয়েলফেয়ার এসোসিয়েশনের মতবিনিময় সভা ও কমিটি গঠন

আলমডাঙ্গা আর এম পি ওয়েলফেয়ার এসোসিয়েশন এর আয়োজনে মতবিনিময় সভা ও কমিটি গঠন করা হয়েছে।

আজ আলমডাঙ্গা থানাপাড়া কমিউনিটি সেন্টারে সকাল ১০ টার সময় এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গা কেমিস্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির সভাপতি আলি আকবার আকুর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ প্যারামেডিকেল এন্ড টেকনোলজি ফাউন্ডেশন এর চেয়ারম্যান এ কে আজাদ ইফতিয়ার। অনুষ্ঠানে প্রধান আলোচক বাংলাদেশ স্বাস্থ্য অধিদপ্তরের সহকারী পরিচালক ডা: হাদী জিয়াউদ্দিন আহমেদ। বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি শাহ আলম মণ্টু, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, সিনিয়র সাংবাদিক প্রশান্ত বিশ্বাস।

পল্লি চিকিৎসক আবু জাফরের উপস্থাপনায় বক্তব্য রাখেন পল্লি চিকিৎসক পাপ্পু,পল্লি চিকিৎসক ইমন,পল্লিচিকিৎসক সহিদুল ইসলাম, পল্লি চিকিৎসক আকমান আলি পল্লি চিকিৎসক লালটু রহমান ডেন্টিস কাজী সজীব প্রমুখ।

অনুষ্ঠানে শেষে আলমডাঙ্গা উপজেলার ১৫ টি ইউনিয়নের কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদমের নাম ঘোষণা করা হয়। এর পর আলমডাঙ্গা পৌর সভায় আব্দুল খালেক কে সভাপতি ও কাজী সজীব কে সাধারণ সম্পাদক নির্বাচিত করে ১৭ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়। সর্বশেষ জিনারুল ইসলাম কে আলমডাঙ্গা উপজেলা কমিটির সভাপতি ও আতিক বিশ্বাস কে সাধারণ সম্পাদক নির্বাচিত করে তাদের নাম ঘোষণা করেন অনুষ্ঠানের সভাপতি আলি আকবার আকু।

অনুষ্ঠানে প্রধান আলোচক ডা: জিয়াউদ্দিন আহমেদ বলেন সকল পল্লি চিকিৎসক কে এক ছাতার তলে এসে ঐক্যবদ্ধ হতে হবে। তাদের কে পর্যায়ক্রমে বিভিন্ন ভাবে প্রশিক্ষণ নিয়ে অভিজ্ঞতা অর্জন করতে হবে।তার জন্য আমি সকল সহোযোগিতা করতে প্রস্তুত।